



# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।



## নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র: মাভাবিপ্রবি/রেজি./সংস্থাপন শাখা-০১/এ-১২ (পার্ট)/২০২৬/২০৮৪

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩  
২৭ সেপ্টেম্বর ২০২৬

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদগুলি পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম, অফিস/অনুষদ, বেতনস্কেল (জা.বে.স্কেল-২০১৫), গ্রেড ও বয়স                                                                                                                     | নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                        | পদ সংখ্যা |
|---------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----------|
| ০১      | মেডিকেল অফিসার<br>ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিমেল সায়েন্স<br>অনুষদ (সিরাজগঞ্জ ক্যাম্পাস)<br>বেতনস্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯)<br>বয়স: সর্বোচ্চ ৩২ বছর                           | প্রার্থীকে অবশ্যই যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রিদারী হতে হবে এবং বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                       | ০১টি      |
| ০২      | সহকারী কম্পিউটার প্রোগ্রামার<br>আইসিটি সেল<br>বেতনস্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯)<br>বয়স: সর্বোচ্চ ৩২ বছর                                                                         | 01. BSc Engineering/Honours (4 Yrs) in Computer Science/Information Technology/Software/ Electronics & Communication/ Telecommunication/ Electrical & Electronics/ Applied Physics & Electronics.<br>OR MSc with 3 Yrs Honours in Computer Science /Information Technology/Software/ Electronics & Communication/Applied Physics & Electronics.<br>02. Should have at least second class/division Or GPA 3.00 out of 5.00 Or CGPA 2.50 out of 4.00 in all examination.<br>Experience: Candidates having experience in My SQL/PHP and working in LINUX/ WINDOWS NT environment will be given preference. | ০১টি      |
| ০৩      | ড্রাইভার<br>পরিবহন অফিস<br>বেতনস্কেল: টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)<br>বয়স: সর্বোচ্চ ৩২ বছর                                                                                            | অষ্টম শ্রেণী পাসসহ বৈধ মটর লাইসেন্সধারী হতে হবে এবং ড্রাইভার হিসেবে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব দক্ষতা থাকতে হবে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    | ০৬টি      |
| ০৪      | অফিস সহায়ক<br>ভেটেরিনারি টিচিং হাসপাতাল<br>ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিমেল সায়েন্স<br>অনুষদ (সিরাজগঞ্জ ক্যাম্পাস)<br>বেতনস্কেল: টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)<br>বয়স: সর্বোচ্চ ৩২ বছর | অষ্টম শ্রেণী পাসসহ বৈধ মটর লাইসেন্সধারী হতে হবে এবং ড্রাইভার হিসেবে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব দক্ষতা থাকতে হবে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    | ০১টি      |
| ০৫      | পরিচ্ছন্নতা কর্মী<br>মাওলানা ভাসানী রিসার্চ সেন্টার<br>বেতনস্কেল: টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০)<br>বয়স: সর্বোচ্চ ৩২ বছর                                                                | অক্ষরজ্ঞানসম্পন্ন এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                           | ০১টি      |

- ❖ উপরোক্ত পদসমূহের আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা [www.mbstu.ac.bd](http://www.mbstu.ac.bd) ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে (অফিস চলাকালীন সময়) আগামী ২৬/১০/২০২৬ তারিখের মধ্যে সংগ্রহ করা যাবে।
- ❖ “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২”-এর অনুকূলে সোনালী ব্যাংক পিএলসি, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার উপর আবেদনপত্রের ফি বাবদ সোনালী ব্যাংক পিএলসি এর যে কোনো শাখা থেকে ০১ ও ০২ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য আলাদাভাবে ৮০০/- (আটশত) টাকা এবং ০৩ হতে ০৫ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য আলাদাভাবে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি ছবি, সার্টিফিকেট/ট্রান্সক্রিপ্ট, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, চারিত্রিক সনদ এবং অভিজ্ঞতার সনদ সংযুক্তপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ❖ আগামী ২৬/১০/২০২৬ তারিখ (অফিস চলাকালীন সময়) পর্যন্ত প্রত্যেক পদের জন্য খামের উপর পদের নাম উল্লেখপূর্বক ০৮ (আট) সেট দরখাস্ত রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ বরাবর পৌছাতে হবে।
- ❖ যে কোনো দরখাস্ত গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সরকারি/আধা-সরকারি/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে এবং এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ❖ এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে একটি শর্ত শিথিলযোগ্য।
- ❖ অভ্যন্তরীণ প্রার্থীদের অগাধিকার দেয়া যেতে পারে।
- ❖ আবেদনপত্রের সংশ্লিষ্ট কলামে টেলিফোন নম্বর/মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

অধ্যাপক ড. সাজ্জাদ ওয়াহিদ

রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

প্র.স. ২৬-১৪৭৪ (১৬'x৩)



# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি



সূত্রঃ মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২(পার্ট-০১)/২১২০

তারিখঃ ১৪ আশ্বিন ১৪৩৩  
২৯ সেপ্টেম্বর ২০২৬

বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ নিম্নোল্লিখিত শিক্ষকের স্থায়ী পদ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র. নং | বিভাগের নাম                                    | পদের নাম ও সংখ্যা                                         |
|---------|------------------------------------------------|-----------------------------------------------------------|
| ০১.     | মেকানিক্যাল এন্ড অটোমোটিভ ইঞ্জিনিয়ারিং বিভাগ  | সহযোগী অধ্যাপক ০১ টি, সহকারী অধ্যাপক ০১ টি, প্রভাষক ০১ টি |
| ০২.     | ব্যবস্থাপনা বিভাগ                              | প্রভাষক ০১ টি                                             |
| ০৩.     | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগ          | প্রভাষক ০৫ টি                                             |
| ০৪.     | বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ | সহকারী অধ্যাপক ০১ টি                                      |
| ০৫.     | পদার্থবিজ্ঞান বিভাগ                            | প্রভাষক ০১ টি                                             |
| ০৬.     | গণিত বিভাগ                                     | প্রভাষক ০১ টি                                             |
| ০৭.     | অর্থনীতি বিভাগ                                 | সহকারী অধ্যাপক ০১ টি                                      |
| ০৮.     | হিসাববিজ্ঞান বিভাগ                             | সহকারী অধ্যাপক ০১ টি                                      |
|         |                                                | মোট পদ সংখ্যা- ১৪টি                                       |

বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী):

প্রভাষক- ২২০০০-৫৩০৬০/-

সহকারী অধ্যাপক- ৩৫৫০০-৬৭০১০/-

সহযোগী অধ্যাপক- টাকা ৫০০০০-৭১২০০/-

আবেদনের শর্তাবলী:

- সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগে স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান/ইঞ্জিনিয়ারিং) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
- আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমাণ থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকরিকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।
- উপরোক্ত পদসমূহের নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ এবং আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা [www.mbstu.ac.bd](http://www.mbstu.ac.bd) ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- আবেদনকারীকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২” এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট, গবেষণামূলক প্রকাশনার কপি, অভিজ্ঞতার প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রত্যেক সেটের সাথে সংযুক্ত করতে হবে।
- চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আবেদন অগ্রায়ণ অথবা অনাপত্তিপত্র (NOC) থাকতে হবে।
- আগামী ১৫/১০/২০২৬ এর মধ্যে ১০ (দশ) সেট আবেদন রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২ বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। মূল আবেদন এবং উহার সাথে সংযুক্ত কাগজপত্রসমূহ ০৯ সেট ফটোকপি করে মূল আবেদনের সেটসহ মোট ১০ সেট পাঠাতে হবে।
- বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং সিজিপিএ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের Certificate আবেদনের সাথে জমা দিতে হবে।
- আবেদনে স্থায়ী ও যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর (WhatsApp সহ) স্পষ্টভাবে লিখতে হবে। মোবাইল নম্বরে সাক্ষাতকারের বিষয়টি জানানো হবে।
- অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি জারির কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নন।
- নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- গত ২৯/১১/২০২৩ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে ব্যবস্থাপনা বিভাগে প্রভাষক পদে, ১৭/০২/২০২৫ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে, ১০/০৩/২০২৫ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগে প্রভাষক পদে ও বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক পদে, ২৫/০৫/২০২৫ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে পদার্থবিজ্ঞান ও গণিত বিভাগে প্রভাষক পদে এবং অর্থনীতি বিভাগে সহকারী অধ্যাপক পদে এবং ১২/০৮/২০২৫ তারিখে প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে হিসাববিজ্ঞান বিভাগে সহকারী অধ্যাপক পদে যারা আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

(প্রফেসর ড. এ.কে.এম মহিউদ্দিন)

রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

মাভাবিপ্রবি।